# ইউ.এস. ডলার ইনভেষ্টমেন্ট বন্ড

# সংক্রান্ত প্রায়শঃ জিজ্ঞাসিত

# প্রশ্নাদির উত্তর

ডেট ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট

**বাংলাদেশ ব্যাংক**

ওয়েবসাইটঃ **www.bangladeshbank.org.bd**

জুলাই, ২০১২

**এই প্রচারপত্রের ভাষ্য প্রাসঙ্গিক বিধিব্যবস্থাদির সংক্ষিপ্ত সরলীকৃত বর্ণনাঃ অনুসরনীয় মূল নির্দেশনার জন্য ইউ.এস. ডলার ইনভেষ্টমেন্ট বন্ড রুলস (২০০২) এবং তৎপরবর্তী প্রজ্ঞাপন/বন্ড সংক্রান্ত পরিপত্রগুলো দ্রষ্টব্য**

## ইউ.এস. ডলার ইনভেষ্টমেন্ট বন্ড সংক্রান্ত প্রায়শঃ জিজ্ঞাসিত প্রশ্নাদি/
## Frequently Asked Questions(FAQ) এর উত্তর

১. ইউ.এস. ডলার প্রিমিয়াম বন্ড কি উদ্দেশ্যে প্রবর্তন করা হয়েছে?

উত্তরঃ দেশে কর্মরত প্রবাসী বাংলাদেশী এবং বাংলাদেশী বংশোদ্ভুত বিদেশী নাগরিকগণকে তাদের উপার্জিত বৈদেশিক মুদ্রা অধিকতর লাভে বাংলাদেশে বিনিয়োগের জন্য আকৃষ্ট করার লক্ষ্যে ২০০২ সনে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ইউ.এস. ডলার ইনভেষ্টমেন্ট বন্ড নামক সঞ্চয় বন্ড প্রবর্তন করেছে।

২. ইউ.এস. ডলার ইনভেষ্টমেন্ট বন্ড কি?

উত্তরঃ ইউ.এস. ডলার ইনভেষ্টমেন্ট বন্ড হ'ল বাংলাদেশ সরকার কর্তৃক প্রবর্তিত এক প্রকার মুনাফাভিত্তিক সঞ্চয় বন্ড।

২. ইউ.এস. ডলার ইনভেষ্টমেন্ট বন্ড কারা কিনতে পারে?

উত্তরঃ প্রবাসী বাংলাদেশী এবং বাংলাদেশী বংশোদ্ভুত বিদেশী নাগরিকগণ এ বন্ড ক্রয় করতে পারে।

৩. ইউ.এস. ডলার ইনভেষ্টমেন্ট বন্ড কি ডলারে ইস্যু করা হয়?

উত্তরঃ হ্যাঁ, এ বন্ড মার্কিন ডলারে ইস্যু করা হয়।

৪. ইউ.এস.ডলার ইনভেষ্টমেন্ট বন্ড কত বছর মেয়াদী?

উত্তরঃ এ বন্ড ০৩(তিন) বছর মেয়াদী ।

৫. ইউ.এস. ডলার ইনভেষ্টমেন্ট বন্ড কি পুন:বিনিয়োগ করা যায়?

উত্তরঃ হ্যাঁ, মেয়াদপূর্তিতে এ বন্ড স্বয়ংক্রিয়ভাবে পুন:বিনিয়োগযোগ্য ।

৬. ইউ.এস. ডলার ইনভেষ্টমেন্ট বন্ড কিভাবে ক্রয় করা যায়?

উত্তরঃ প্রবাসী বাংলাদেশী এবং বাংলাদেশী বংশোদ্ভুত বিদেশী নাগরিকগণ বিদেশ থেকে তার বৈদেশিক মুদ্রা(এফ.সি.) হিসাবেপ্রেরিতঅর্থ দ্বারা বন্ডের ক্রয়মূল্য পরিশোধ করে এ বন্ড ক্রয় করতে পারে। তাছাড়া, বৈদেশিক মুদ্রার চেক বা ড্রাফটের মাধ্যমে মূল্য পরিশোধ করেওএ বন্ড ক্রয় করতে পারে ।

৭. ইউ.এস.ডলার ইনভেষ্টমেন্ট বন্ডের আবেদনপত্র ডিআইবি-১ ফরম কি ক্রয় করতে হয় ?

উত্তরঃ না, ডিআইবি-১ ফরম ইস্যু অফিসগুলোতে বিনামূল্যে পাওয়া যায় ।

৮. বিদেশস্থ ইস্যু অফিস থেকে ইউ এস ডলার ইনভেষ্টমেন্ট বন্ড ক্রয় করা হলে সেখান থেকেই কি বন্ডের মুনাফা উওোলন, নগদায়ন ও বন্ড পুন:বিনিয়োগ করা যায়?

উত্তরঃ না, বিদেশস্থ ইস্যু অফিস থেকে ওয়েজ আর্নার ডেভেলপমেন্ট বন্ড নগদায়ন, মুনাফা উত্তোলন এবং পুনঃবিনিয়োগ করা যায় না। তবে, বিদেশে বসবাসকারী কোন ব্যক্তি তার আবেদনপত্রে পূর্বেই উল্লিখিত বাংলাদেশস্থ প্রদানকারী অফিসে (Paying Office) প্রয়োজনীয় কাগজপত্র প্রেরণ করে উক্ত বন্ড নগদায়ন, মুনাফা উত্তোলন এবং পুনঃবিনিয়োগ করার সুযোগ পাবেন এবং প্রযোজ্য ক্ষেত্রে প্রাপ্ত অর্থ বন্ড ধারকের আবেদন মোতাবেক এফ.সি একাউন্ট অথবা এফটিটি/এফডিডি এর মাধ্যমে বিদেশে ফেরৎ নেয়ার সুযোগ পাবেন।

৯. ইউ.এস. ডলার ইনভেষ্টমেন্ট বন্ডের কোন ক্রয় সীমা আছে কি?

উত্তরঃ না, এ বন্ডে বিনিয়োগের ক্ষেত্রে কোন ক্রয় সীমা নাই ।

১০. কি কি মুল্যমানের ইউ.এস. ডলার ইনভেষ্টমেন্ট বন্ড প্রচলিত রয়েছে?

উত্তরঃ বর্তমানে ৫০০; ১,০০০; ৫০০০; ১০,০০০; এবং ৫০,০০০ মার্কিন ডলার মূল্যমানের ইউ.এস. ডলার ইনভেষ্টমেন্ট বন্ড চালু আছে।

১১. ইউ.এস. ডলার ইনভেষ্টমেন্ট বন্ডের বিপরীতে ঋণ গ্রহণ করা যায় কি না?

উত্তরঃ হ্যাঁ, এ বন্ড বাংলাদেশী তফসিলি ব্যাংকসমূহে জামানত রেখে ঋণ গ্রহণ করা যায়।

১২. ইউ.এস. ডলার ইনভেষ্টমেন্ট বন্ডের মুনাফার হার কত?

উত্তরঃ এ বন্ডে মুনাফার হার ৬.৫০%।

১৩. ইউ.এস. ডলার ইনভেষ্টমেন্ট বন্ডে কি চএক্রবৃদ্ধি হারে মুনাফা দেয়া হয়?

উত্তরঃ না, এ বন্ডে চক্রবৃদ্ধি হারে মুনাফা দেয়া হয় না ।

১৪. কত দিন পরে ইউ. এস. ডলার ইনভেষ্টমেন্ট বন্ডের মুনাফা দেয়া হয়?

উত্তরঃ এ বন্ডে প্রতি ০৬(ছয়) মাস অন্তর মুনাফা দেয়া হয় ।

১৫. মেয়াদপূর্তির পূর্বে বন্ড নগয়াদন করলে মুনাফার হার কত?

উত্তরঃ বন্ড ক্রয়ের তারিখ হতে ১ বছরের পূর্বে নগয়াদন করলে কোনো মুনাফা দেয়া হয় না ।

০১ বছর পর কিন্তু ০২ বছরের পূর্বে = ৫.৫০%

০২ বছর পর কিন্তু ০৩ বছরের পূর্বে = ৬.০০%

০৩ বছর পর = ৬.৫০% (ডলার) হারে মুনাফা প্রদান করা হয় ।

১৬. ইউ.এস. ডলার ইনভেষ্টমেন্ট বন্ডের মুনাফা ও আসল অর্থ কি টাকায় নেয়া যায়?

উত্তরঃ না, এ বন্ডের মুনাফা ও আসল অর্থ সবসময় ডলারে প্রদান করা হয় । তবে, বন্ড ধারক আবেদন করলে সমমূল্য টাকাতেও নিতে পারে ।

১৭. ইউ.এস. ডলার ইনভেষ্টমেন্ট বন্ডে বিনিয়োগকৃত অর্থ কি বিদেশে প্রত্যাবাসন করা যায়?

উত্তরঃ হ্যাঁ, এ বন্ডে বিনিয়োগকৃত অর্থ, অর্জিত মুনাফা এবং মৃত্যু-ঝুঁকি হিসেবে প্রাপ্ত অর্থ- সবই সমমূল্য বৈদেশিক মুদ্রায় বিদেশে প্রত্যাবাসন করা যায় ।

১৮. ইউ.এস. ডলার ইনভেষ্টমেন্ট বন্ডে কি নমিনী নিয়োগ করা যায়?

উত্তরঃ হ্যাঁ, ক্রেতা তার ক্রয়কৃত বন্ডে নমিনী নিয়োগ করতে পারে । তবে প্রতিটি বন্ড স্ক্রিপের জন্য একজনের বেশি নমিনী নিয়োগ করা যায় না ।

১৯. নমিনী কি বাতিল/পরিবর্তন করা যায়?

উত্তরঃ হ্যাঁ, ক্রেতা/বন্ডধারক তার মনোনীত নমিনীকে যে কোন সময় বাতিল/পরিবর্তন করতে পারে । এক্ষেত্রে বন্ডধারককে বন্ডের ইস্যু অফিসে আবেদন করতে হয় ।

২০. বন্ড ধারকের মৃত্যুর পূর্বেই যদি নমিনীর মৃত্যু হয় সেক্ষেত্রে কি নতুন নমিনী নিয়োগ করা যায়?

উত্তরঃ হ্যাঁ, বন্ড ধারকের মৃত্যুর পূর্বেই নমিনীর মৃত্যু হলে বন্ডধারক নতুন নমিনী নিয়োগ করতে পারে ।

২১. বন্ড ধারকের মৃত্যুর পূর্বেই যদি নমিনীর মৃত্যু হয় সেক্ষেত্রে কি নতুন নমিনী নিয়োগ করা যায়?

উত্তরঃ হ্যাঁ, বন্ড ধারকের মৃত্যুর পূর্বেই নমিনীর মৃত্যু হলে বন্ডধারক নতুন নমিনী নিয়োগ করতে পারে ।

২২. বন্ড ধারকের মৃত্যুর পর বন্ডের মুনাফা ও আসল অর্থ গ্রহণের ক্ষেত্রে নমিনীর মৃত্যু হলে কিভাবে অর্থ পাওয়া যায়?

উত্তরঃ বন্ডধারক ও নমিনী উভয়ের মৃত্যু হলে বন্ড ধারকের বৈধ উত্তরাধীকারী(গণ) বন্ডের মুনাফা ও আসল অর্থ পাবে ।

২৩. ইউ.এস. ডলার ইনভেষ্টমেন্ট বন্ডে কি সি,আই,পি সুবিধা আছে?

উত্তরঃ এ বন্ডে ১.০০ মিলিয়ন বা তদূর্ধ্ব মার্কিন ডলার বিনিয়োগ করলে ক্রেতাকে সি,আই,পি হিসাবে গণ্য করা হয় এবং ক্রেতা এতদ্‌সংক্রান্ত সুবিধাদী প্রাপ্য হন।

২৪. সি,আই,পি সুবিধা পাওয়ার জন্য কোথায় আবেদন করতে হয়?

উত্তরঃ সি,আই,পি সুবিধা পেতে বাংলাদেশ সরকারের অর্থ মন্ত্রনালয়েরঅভ্যন্তরীন সম্পদ বিভাগ বরাবর আবেদন করতে হয় ।

২৫. ইউ.এস. ডলার ইনভেষ্টমেন্ট বন্ডে কি মৃত্যু-ঝুঁকি সুবিধা আছে?

উত্তরঃ হ্যাঁ, বন্ড ধারককের মৃত্যুতে তার ক্রয়কৃত বন্ডের উপর নমিনীকে মৃত্যু-ঝুঁকি সুবিধা দেয়া হয় ।

২৬. মৃত্যু-ঝুঁকি সুবিধা পাওয়ার নিয়ম কি?

উত্তরঃ মৃত্যু-ঝুঁকি সুবিধা পেতে বন্ড ধারককের মৃত্যুর তারিখ হতে ০৩ মাসের মধ্যে নমিনীকে আবেদন করতে হয় ।

২৭. মৃত্যু-ঝুঁকি সুবিধার জন্য কি পরিমান আর্থিক সুবিধা দেয়া হয়?

উত্তরঃ ক্রেতার মৃত্যুতে তার ক্রয়কৃত বন্ডের ১৫% হতে ২৫% পর্যন্ত মৃত্যু-ঝুঁকি সুবিধা দেয়া হয় । তবে সর্বোচ্চ ২০,০০,০০০/= টাকার উর্ধ্বে নয় ।

২৮. মৃত্যু-ঝুঁকি সুবিধার জন্য কি পরিমান আর্থিক সুবিধা দেয়া হয়?

উত্তরঃ ক্রেতার মৃত্যুতে তার ক্রয়কৃত বন্ডের ১৫% হতে ২৫% পর্যন্ত মৃত্যু-ঝুঁকি সুবিধা দেয়া হয় । তবে সর্বোচ্চ ২০,০০,০০০/= টাকার উর্ধ্বে নয় ।

২৯. মৃত্যু-ঝুঁকি সুবিধার অর্থ কি ডলারে দেয়া হয়?

উত্তরঃ না, ইউ.এস. ডলার প্রিমিয়াম বন্ডের মৃত্যু-ঝুঁকি সুবিধার অর্থ সবসময় টাকায় দেয়া হয় ।

৩০. মৃত্যু-ঝুঁকি সুবিধার অর্থ গ্রহনের ক্ষেত্রে বন্ডের নমিনীর মৃত্যু হলে কিভাবে অর্থ পাওয়া যাবে?

উত্তরঃ এ বন্ডের বন্ড ধারক ও নমিনী উভয়ের মৃত্যু হলে বৈধ উত্তরাধিকারী(গণ) মৃত্যু-ঝুঁকি সুবিধার অর্থ পাবে ।

৩১. ইউ.এস. ডলার ইনভেষ্টমেন্টবন্ডে মৃত্যু-ঝুঁকি হিসেবে প্রাপ্ত অর্থ কি বিদেশে ফেরৎ নেয়া যায়?

উত্তরঃ এ বন্ডের বন্ড ধারক ও নমিনী উভয়ের মৃত্যু হলে বৈধ উত্তরাধিকারী(গণ) অনিবাসী বাংলাদেশী হলে মৃত্যু-ঝুঁকি সুবিধা হিসেবে প্রাপ্ত অর্থ সমমূল্য বৈদেশিক মুদ্রায় বিদেশে ফেরৎ নিয়ে যেতে পারবে।

৩২. ইউ এস ডলার ইনভেষ্টমেন্ট বন্ড হারিয়ে গেলে বা চুরি হলে সেক্ষেএে করণীয় কি?

উত্তরঃ ইউ.এস. ডলার ইনভেষ্টমেন্ট বন্ড হারিয়ে গেলে বা চুরি হলে ডুপ্লিকেট বন্ড ইস্যু করা হয় ।

৩৩. ডুপ্লিকেট বন্ড ইস্যু করার নিয়ম কি?

উত্তরঃ বন্ড হারিয়ে গেলে বা চুরি হলে সাথে সাথে বিষয়টি প্রদানকারী অফিসে অবহিত করতে হয় এবং এ ব্যাপারে নিমলিখিত নিয়ম পরিপালন করতে হয় ঃ ১। স্থানীয় থানায় জিডি এন্ট্রি করা ২। ইনডেমনিটি বন্ড সম্পাদন করা ৩। ডুপ্লিকেট বন্ড ইস্যুর ফি জমা দেয়া ।

৩৪. নষ্ট ও বিকৃত বন্ডের ক্ষেএে ডুপ্লিকেট বন্ড ইস্যু করার নিয়ম কি?

উত্তরঃ নষ্ট ও বিকৃত বন্ডের ক্ষেত্রে বন্ড ধারককে প্রদানকারী অফিসে আবেদন করতে হবে এবং ডুপ্লিকেট বন্ড ইস্যুর ফিসহ নষ্ট ও বিকৃত বন্ড জমা দিলে ডুপ্লিকেট বন্ড ইস্যু করা হয় ।

৩৫. ডুপ্লিকেট বন্ডের জন্য কত ফি লাগে?

উত্তরঃ ইউ এস ডলার ইনভেষ্টমেন্ট বন্ডে ডুপ্লিকেট বন্ড ইস্যুর ফি নিম্নরূপ ঃ-

৫০০ ও ১০০ মূল্যমানের প্রতি বন্ড স্ক্রিপের জন্য US$ 5

৫০০০ ও ১০০০০ মূল্যমানের প্রতি বন্ড স্ক্রিপের জন্য US$ 10

৫০০০০ মূল্যমানের প্রতি বন্ড স্ক্রিপের জন্য US$ 15

৩৬. ডুপ্লিকেট বন্ড ইস্যু করার জন্য কত দিন লাগে?

উত্তরঃ হারিয়ে যাওয়া বা চুরি হওয়া বন্ডের বিপরীতে ডুপ্লিকেট বন্ড ইস্যুর জন্য ০২ মাস সময় লাগে ।

উল্লিখিত তথ্যের অতিরিক্ত কোন তথ্য বা ব্যাখ্যার প্রয়োজন হলে যোগাযোগ করুনঃ

মহাব্যবস্থাপক, ডেট ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।

ফোনঃ ৯৫৩০১৩১ ফ্যাক্সঃ ৯৫৩০২০৫